

শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নয়া নির্দেশ

## প্রতিযোগিতামূলক দর বা লটারিতে নয় সিলেকশন পদ্ধতিতে কাজ বণ্টন হবে

শিয়ারকৃত আসী-বাদল ঃ শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সারাদেশে তাদের অধীনস্থ কলেজ, স্কুল, মাদ্রাসা, প্রাথমিক বিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের নতুন ভবন নির্মাণ কিংবা সংস্কার কাজের দরপত্র প্রতিযোগিতামূলক দরে কিংবা লটারির মাধ্যমে ঠিকাদার নির্বাচন না করে সরাসরি পছন্দমতো ঠিকাদারি প্রতিষ্ঠানকে বরাদ্দ দেয়ার সিদ্ধান্ত নিয়েছে। এ সংক্রান্ত সিদ্ধান্তসহ নির্দেশনামা ইতোমধ্যেই রংপুরসহ সারাদেশে নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে পাঠানো হয়েছে বলে নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে। শুধু তাই নয় শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী তার

অধীনস্থ নির্বাহী প্রকৌশলীদের সকল ক্ষমতা বর্ধ করে তিনি স্বয়ং সারাদেশের আহ্বানকৃত দরপত্রগুলো থেকে ঠিকাদার সিলেকশন দেবেন। জেলা পর্যায়ের অফিসগুলো শুধু দরপত্র আহ্বান, মাঝিসকৃত দরপত্র বাছাই করে সরাসরি প্রধান প্রকৌশলীর দপ্তর ঢাকার শিক্ষা ভবনে পাঠিয়ে দেবেন।  
জান্না গেছে, গণপুত্র এলজিইডি, সড়ক ও জনপথ, পানি উন্নয়ন বোর্ড, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরসহ কোন প্রকৌশল বিভাগেই সিলেকশনের মাধ্যমে ঠিকাদার নির্বাচন করার নজির নেই।  
শিক্ষা ৪. পৃঃ ২ কঃ ৫